যুগান্তর

তারিখ ... 07.OCT.2016 ...
পৃষ্ঠা ...2... কলাম ...৬...

সরকারি প্রাথমিক বিদ্যালয়

# মুক্তিযোদ্ধা কোটায় শিক্ষক নিয়োগ পরীক্ষা ২৯ অক্টোবর

**যুগান্তর রিপোর্ট**

প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক স্তরে মুক্তিযোদ্ধা কোটায় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা আগামী ২৯ অক্টোবর অনুষ্ঠিত হবে। ৪৬ হাজারের বেশি প্রার্থী এবারের এ পরীক্ষায় অংশ নিচ্ছে।

প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) মহাপরিচালক মো. আলমগীর যুগান্তরকে জানান, মোট ৩ হাজার ৪৪০টি পদের জন্য ২৪ মে এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। প্রাক-প্রাথমিক স্তরে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ উপযোগী এসব আলাদাভাবে সংরক্ষণ করা হয়েছে। এর আগে কয়েক দফায় প্রাক-প্রাথমিক স্তরে সহকারী শিক্ষক নিয়োগ করা হয়েছে।